

“শেখ হাসিনার বারতা  
নারী-পুরুষ সমতা”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়  
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

স্মারক নং- ৩২.০১.৯৪৮২.০০০.১১.০০৪.২৩-১৭৬

তারিখঃ ১১/০৯/২০২৩খ্রিঃ


“ভর্তি বিজ্ঞপ্তি”

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, পীরগঞ্জ, ঠাকুরগাঁও কর্তৃক বাস্তবায়িত “মহিলা প্রশিক্ষণ কেন্দ্র”(WTC) শীর্ষক কর্মসূচির আওতায় ২০২৩-২০২৪ অর্থ বছরের জন্য ২য় ব্যাচে আধুনিক দর্জিবিজ্ঞান ও এমব্রয়ডারী কোর্সে প্রশিক্ষণার্থী ভর্তির নিমিত্তে নিম্নলিখিত শর্তসাপেক্ষে আগামী ০১/১০/২০২৩ হতে ৩১/১২/২০২৩ পর্যন্ত ০৩(তিন) মাস মেয়াদে আগ্রহী প্রার্থীদের আবেদন পত্র আহবান করা যাচ্ছে। নিম্ন স্বাক্ষরকারীর কার্যালয় হতে আগামী ১২/০৯/২০২৩খ্রিঃ তারিখ হতে ১৯/০৯/২০২৩খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে আবেদন ফরম গ্রহণ এবং ২০/০৯/২০২৩খ্রিঃ - ২১/০৯/২০২৩খ্রিঃ পর্যন্ত আবেদন ফরম জমা দেওয়া যাবে।

শর্তাবলী :-

- ১। প্রার্থীকে আবেদন পত্রে পূর্ণ ঠিকানা ও দুই কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি জমা দিতে হবে।
- ২। অসহায় দুঃস্থ স্বামী পরিত্যক্তা, বিধবা ও দুঃস্থ, পঙ্গু স্বামীর স্ত্রীদের প্রাধান্য দেওয়া হবে।
- ৩। প্রার্থীকে তাহার স্ব-স্ব এলাকার পৌরসভা/ইউনিয়ন পরিষদ এর নিকট চারিত্রিক ও স্থায়ী বাসিন্দার সার্টিফিকেট জমা দিতে হবে।
- ৪। প্রার্থীর বয়স ১৮ থেকে ৪৫ বছরের মধ্যে সীমাবদ্ধ হতে হবে।
- ৫। শিক্ষাগত যোগ্যতা ৮ম শ্রেণী পাশ হতে হবে।
- ৬। আবেদনকারীর ছোট সন্তানের বয়স ৭ বৎসর হতে হবে। (অনলাইন জন্ম সনদ সংযুক্ত বাধ্যতামূলক)
- ৭। গর্ভবতী মহিলাদের আবেদন গ্রহণযোগ্য হবে না। কোন গর্ভবতী মহিলা কোন ভাবে তালিকাভুক্ত হলে তাকে বাতিল করা হবে।
- ৮। স্কুল/কলেজ অধ্যয়নরত বা অন্য কোন প্রতিষ্ঠানে জড়িত প্রার্থীগণ আবেদন করতে পারবে না।
- ৯। প্রার্থীকে প্রশিক্ষণে আগ্রহী হতে হবে। শারীরিক ও মানসিকভাবে সুস্থ হতে হবে।
- ১০। আবেদন পত্রের সাথে ভোটার আইডি কার্ড এর ফটোকপি জমা দিতে হবে।
- ১১। মোট ৩০ (ত্রিশ) জন প্রশিক্ষণার্থী ভর্তি করা হবে।
- ১২। সরকার কর্তৃক প্রদত্ত প্রশিক্ষণের অনুরূপে প্রশিক্ষণ বরাদ্দ প্রাপ্তি সাপেক্ষে প্রশিক্ষণ ভাতা প্রদান করা হবে।
- ১৩। মৌখিক পরিক্ষা সাক্ষাৎকার গ্রহণের জন্য পৃথক কোন পত্র বা কোন প্রকার যাতায়াত ভাতা প্রদান করা হবে না।
- ১৪। প্রার্থীকে ফ্রেম ও সূচ এবং নিজ দায়িত্বে নিয়ে আসতে হবে।
- ১৫। মোবাইল নং.....(প্রশিক্ষণার্থীদের)।

বিঃ দ্রঃ আবেদনকারীদের মৌখিক পরীক্ষার সম্ভাব্য তারিখ আগামী ২৬/০৯/২০২৩খ্রিঃ সকাল ১০:৩০ ঘটিকা



(মোছাঃ জিন্নাতারা ইয়াছমনি)

উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা  
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে :- (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়)

- ১। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঢাকা।
- ২। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
- ৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
- ৫। উপপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর, ঠাকুরগাঁও।
- ৬। মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
- ৭। ----- নোটিশ বোর্ড।
- ৮। দপ্তর নথি।